গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.berc.org.bd, fax: +৮৮০২ ৫৫০১৩৫১৮

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের ৭২তম উন্মুক্ত সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মনোয়ার ইসলাম, চেয়ারম্যান, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন।
সময় ও তারিখ : ১২ অক্টোবর ২০১৭, সকাল ১১:০০ টায়।
স্থান : শুনানি কক্ষ, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন।
উপস্থিতির তালিকা: পরিশিষ্ট “ক” ।

সভাপতি বিদ্যুৎ, গ্যাস ও পেট্রোলিয়াম লাইসেন্স সম্পর্কিত বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের ৭২তম উন্মুক্ত সভায় সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। বিদ্যুৎ বিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিভিন্ন সংস্থা, বিদ্যুৎ, গ্যাস ও পেট্রোলিয়াম লাইসেন্সি প্রতিনিধিবৃন্দ, ক্যাব, চেম্বার ও অন্যান্য সংস্থা/প্রতিষ্ঠান হতে আগত প্রতিনিধিবৃন্দকে সভায় উপস্থিত হওয়ার জন্য আন্তরিকভাবে ধন্যবাদ জ্ঞাপন করেন। সভাপতি উল্লেখ করেন যে, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ ও বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন লাইসেন্স প্রবিধানমালা, ২০১৬ অনুযায়ী সংশ্লিষ্ট পক্ষের আবেদনের পরিপ্রেক্ষিতে কমিশন হতে বিদ্যুৎ উৎপাদন এবং এনার্জি সঞ্চালন, বিপনন, সরবরাহ, মজুদকরণ, বিতরণের জন্য লাইসেন্স প্রদান করা হয়। বিদ্যুৎ, গ্যাস ও পেট্রোলিয়ামজাত পদার্থের ব্যবসায়ে নিয়োজিত প্রতিষ্ঠানসমূহকে লাইসেন্স প্রদানের ক্ষেত্রে বিদ্যুৎ বিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, পরিবেশ অধিদপ্তর, বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, বিস্ফোরক পরিদপ্তর, কনজ্যুমার অ্যাফেয়ার্স অব বাংলাদেশ (ক্যাব), চেম্বার ও অন্যান্য দপ্তরের মতামত কমিশন অত্যন্ত গুরুত্বের সাথে বিবেচনা করে মর্মে সভাপতি উল্লেখ করেন।

২। সভাপতির অনুমতিক্রমে কমিশনের পরিচালক (বিদ্যুৎ), পরিচালক (গ্যাস) ও পরিচালক (পেট্রোলিয়াম) আলোচ্যসূচী অনুযায়ী বিদ্যুৎ শাখার ২০ (বিশ)টি, গ্যাস শাখার ৯ (নয়)টি ও পেট্রোলিয়াম শাখার ৩৩ (তেত্রিশ)টি লাইসেন্স অনুমোদনের প্রস্তাব উপস্থাপন করেন।

৩। লাইসেন্স প্রদানের জন্য বিবেচ্য বিদ্যুৎ শাখার ২০ (বিশ)টি প্রতিষ্ঠানের মধ্যে ১১(এগার)টি প্রতিষ্ঠান বিস্ফোরক পরিদপ্তর হতে কোন লাইসেন্স গ্রহণ করেনি মর্মে জনাব মো: সামসুল আলম, প্রধান বিস্ফোরক পরিদর্শক সভায় উল্লেখ করেন। তিনি জানান যে, ২০০০ লিটারের অধিক ডিজেল মজুদকরণ অথবা ১০০০ লিটারের অধিক ধারণ ক্ষমতা সম্পন্ন পাত্রে ডিজেল সংরক্ষণ করা হলে বিস্ফোরক পরিদপ্তর হতে লাইসেন্স গ্রহণ করতে হবে। তিনি আরো জানান যে, ২০০০ লিটারের কম ডিজেল মজুদকরণ অথবা ১০০০ লিটারের কম ধারণ ক্ষমতা সম্পন্ন ট্যাংকে ডিজেল সংরক্ষণ করা হলে বিস্ফোরক পরিদপ্তর হতে লাইসেন্স গ্রহণ করতে হয় না। তবে তা বিস্ফোরক পরিদপ্তরকে অবহিত করতে হয়।

৪। ২০০০ লিটারের অধিক ডিজেল মজুদকরণ অথবা ১০০০ লিটারের অধিক ধারণ ক্ষমতা সম্পন্ন পাত্রে ডিজেল সংরক্ষণকারী প্রতিষ্ঠানসমূহকে বিস্ফোরক পরিদপ্তর হতে লাইসেন্স গ্রহণ করে কমিশনে দাখিল এবং ২০০০ লিটারের কম ডিজেল মজুদকরণ অথবা ১০০০ লিটারের কম ধারণ ক্ষমতা সম্পন্ন পাত্রে ডিজেল সংরক্ষণকারী প্রতিষ্ঠানসমূহকে বিস্ফোরক পরিদপ্তরকে অবহিত করে জমা কপি কমিশনে দাখিলের শর্তে বিদ্যুৎ শাখার ১১ (এগার)টি প্রতিষ্ঠানের অনুকূলে লাইসেন্স প্রদানে সভায় একমত পোষণ করা হয়। এছাড়াও বিদ্যুৎ শাখার ৯ (নয়)টি প্রতিষ্ঠানের বিষয়ে কোন আপত্তি না থাকায় তাদের অনুকূলে লাইসেন্স প্রদানে সভায় একমত পোষণ করা হয়।

৫। লাইসেন্স প্রদানের জন্য বিবেচ্য গ্যাস শাখার ৯ (নয়)টি প্রতিষ্ঠানের বিষয়ে কোন আপত্তি না থাকায় তাদের অনুকূলে লাইসেন্স প্রদানের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

৬। লাইসেন্স প্রদানের জন্য বিবেচ্য পেট্রোলিয়াম শাখার ৩৩ (তেত্রিশ)টি প্রতিষ্ঠানের মধ্যে ২৫ (পঁচিশ) টি প্রতিষ্ঠান বিস্ফোরক পরিদপ্তর হতে কোন লাইসেন্স গ্রহণ করেনি মর্মে জনাব মো: সামসুল আলম, প্রধান বিস্ফোরক পরিদর্শক সভায় উল্লেখ করেন। প্রতিষ্ঠানসমূহের মধ্যে কোন প্রতিষ্ঠান পেট্রোলিয়ামজাত পদার্থ প্রক্রিয়াজাতকরণ করে না এবং মজুদকরণ, বিপণন ও বিতরণকৃত পেট্রোলিয়ামজাত পদার্থসমূহ অদাহ্য হওয়ায় তাদের বিস্ফোরক পরিদপ্তর হতে লাইসেন্স গ্রহণ করতে হবে না মর্মে তিনি সভায় উল্লেখ করেন। অদাহ্য পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ/বিপনন/বিতরণকারী প্রতিষ্ঠানসমূহের মধ্যে যেসব প্রতিষ্ঠানের প্রতিনিধি সভায় উপস্থিত ছিলেন সেসব প্রতিষ্ঠানসমূহের অনুকূলে লাইসেন্স প্রদান এবং অন্যান্য প্রতিষ্ঠানের তথ্য পুনরায় পরীক্ষাপূর্বক পরবর্তী সময়ে উপস্থাপন করতে মর্মে সভায় একমত পোষণ করা হয়।

৭। সিদ্ধান্ত: সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়:

(ক) বিদ্যুৎ শাখার নিম্নবর্ণিত ৯ (নয়)টি প্রতিষ্ঠানের অনুকূলে লাইসেন্স প্রদানের প্রস্তাব অনুমোদন করা হয়:

| আলোচ্য সূচী নং | প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও লাইসেন্স ক্যাটাগরি |
|---|---|
| ওএম/৭২/৫ | আকিজ টেক্সটাইল মিলস লিমিটেড, গোলরা, চরখণ্ড, মানিকগঞ্জ এর অনুকূলে গ্যাস ভিত্তিক ৮.৭৫ মেঃওঃ ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্টের জন্য বিদ্যুৎ উৎপাদন লাইসেন্স। |
| ওএম/৭২/৬ | কর্ণফুলি সুজ ইন্ডাস্ট্রিজ লিমিটেড, ব্লক নং জি$_1$ ও জি$_2$, কোরিয়ান এক্সপোর্ট প্রসেসিং জোন, আনোয়ারা, চট্টগ্রাম এর অনুকূলে ডিজেল ভিত্তিক ৬.৫ মেঃওঃ ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্টের জন্য বিদ্যুৎ উৎপাদন লাইসেন্স। |
| ওএম/৭২/৯ | আশিক কম্পোজিট টেক্সটাইল মিলস লিমিটেড, কাঁঠালি, ভালুকা, ময়মনসিংহ এর অনুকূলে গ্যাস ভিত্তিক ২.১২৮ মেঃওঃ ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্টের জন্য বিদ্যুৎ উৎপাদন লাইসেন্স। |
| ওএম/৭২/১২ | এমপিপি পাওয়ার প্ল্যান্ট লিমিটেড, মেঘনা ঘাট, সোনারগাঁও, নারায়ণগঞ্জ এর অনুকূলে গ্যাস ভিত্তিক ৩৮.৯২ মেঃওঃ ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্টের জন্য বিদ্যুৎ উৎপাদন লাইসেন্স। |
| ওএম/৭২/১৩ | স্কয়ার ডেনিমস লিমিটেড, গ্রামঃ ওলিপুর, ডাকঘরঃ শাহজীবাজার, থানাঃ শায়েস্তাগঞ্জ, জেলাঃ হবিগঞ্জ এর অনুকূলে গ্যাস ভিত্তিক ৮.০ মেঃওঃ ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্টের জন্য বিদ্যুৎ উৎপাদন লাইসেন্স। |
| ওএম/৭২/১৪ | কবির স্টিল রি-রোলিং মিলস লিমিটেড, বড় কুমিরা, সীতাকুন্ড, চট্টগ্রাম এর অনুকূলে গ্যাস ভিত্তিক ৭.২০ মেঃওঃ ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্টের জন্য বিদ্যুৎ উৎপাদন লাইসেন্স। |
| ওএম/৭২/১৫ | রয়েল সিমেন্ট লিমিটেড, বড় কুমিরা, সীতাকুন্ড, চট্টগ্রাম এর অনুকূলে গ্যাস ভিত্তিক ৩.৬০ মেঃওঃ ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্টের জন্য বিদ্যুৎ উৎপাদন লাইসেন্স |
| ওএম/৭২/১৮ | এম. এম. স্পিনিং মিলস লিমিটেড, কেওয়া, মাওনা, শ্রীপুর, গাজীপুর এর অনুকূলে গ্যাস ভিত্তিক ১.৮ মেঃওঃ ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্টের জন্য বিদ্যুৎ উৎপাদন লাইসেন্স। |
| ওএম/৭২/১৯ | বদর স্পিনিং মিলস লিমিটেড, মুলাইদ, শ্রীপুর, গাজীপুর এর অনুকূলে গ্যাস ভিত্তিক ২.৭ মেঃওঃ ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্টের জন্য বিদ্যুৎ উৎপাদন লাইসেন্স। |

(খ) ২০০০ লিটারের অধিক ডিজেল মজুদকরণ অথবা ১০০০ লিটারের অধিক ধারণ ক্ষমতা সম্পন্ন পাত্রে ডিজেল সংরক্ষণকারী প্রতিষ্ঠানসমূহকে বিস্ফোরক পরিদপ্তর হতে লাইসেন্স গ্রহণ করে কমিশনে দাখিলকরণ এবং ২০০০ লিটারের কম ডিজেল মজুদকরণ অথবা ১০০০ লিটারের কম ধারণ ক্ষমতা সম্পন্ন পাত্রে ডিজেল সংরক্ষণকারী প্রতিষ্ঠানসমূহকে বিস্ফোরক পরিদপ্তরকে অবহিত করে তার জমাকপি কমিশনে দাখিলের শর্তে বিদ্যুৎ শাখার নিম্নবর্ণিত ১১(এগার)টি প্রতিষ্ঠানের অনুকূলে লাইসেন্স প্রদানের অনুমোদন করা হয়:

| আলোচ্য সূচী নং | প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও লাইসেন্স ক্যাটাগরি |
|---|---|
| ওএম/৭২/১ | হামজা টেক্সটাইলস লিমিটেড, নয়াপাড়া, কাশিমপুর, গাজীপুর এর অনুকূলে গ্যাস ও ডিজেল ভিত্তিক ২.১৫৬ মেঃওঃ ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্টের জন্য বিদ্যুৎ উৎপাদন লাইসেন্স। |
| ওএম/৭২/২ | দি ডেল্টা ব্লেন্ডেড ইয়ার্ণ মিলস লিমিটেড, জারুন (দক্ষিণ), কাশিমপুর, গাজীপুর এর অনুকূলে গ্যাস ও ডিজেল ভিত্তিক ৪.৭৫ মেঃওঃ ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্টের জন্য বিদ্যুৎ উৎপাদন লাইসেন্স। |
| ওএম/৭২/৩ | ইয়াংওয়ান স্পোর্টস সুজ ইন্ডাস্ট্রিজ লিমিটেড, প্লট নং ০৭-২০, সেক্টর-০৩, চিটাগং এক্সপোর্ট প্রসেসিং জোন, চট্টগ্রাম অনুকূলে ডিজেল ভিত্তিক ২.০ মেঃওঃ ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্টের জন্য বিদ্যুৎ উৎপাদন লাইসেন্স। |
| ওএম/৭২/৪ | কোলোসাস অ্যাপারেল লিমিটেড (ইউনিট-২), মোগরখাল, চৌরাস্তা, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর সদর, গাজীপুর এর অনুকূলে ডিজেল ভিত্তিক ৩.০৬৭ মেঃওঃ ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্টের জন্য বিদ্যুৎ উৎপাদন লাইসেন্স। |
| ওএম/৭২/৭ | তিতাস স্পোর্টসওয়্যার ইন্ডাস্ট্রিজ লিমিটেড, প্লট নং ০৭-২০, সেক্টর-০৩, চিটাগং এক্সপোর্ট প্রসেসিং জোন, চট্টগ্রাম এর অনুকূলে ডিজেল ভিত্তিক ১.৫৫২ মেঃওঃ ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্টের জন্য বিদ্যুৎ উৎপাদন লাইসেন্স। |
| ওএম/৭২/৮ | একেএইচ ফ্যাশনস লিমিটেড, ১৩৩-১৩৪, হেমায়েতপুর, সাভার, ঢাকা-১৩৪০ এর অনুকূলে ডিজেল ভিত্তিক ১.৮৮ মেঃওঃ ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্টের জন্য বিদ্যুৎ উৎপাদন লাইসেন্স। |
| ওএম/৭২/১০ | পি. এন. কম্পোজিট লিমিটেড, আমবাগ, কোনাবাড়ি, গাজীপুর এর অনুকূলে গ্যাস ও ডিজেল ভিত্তিক ১.৮৩ মেঃওঃ ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্টের জন্য বিদ্যুৎ উৎপাদন লাইসেন্স । |
| ওএম/৭২/১১ | তারাসিমা অ্যাপারেলস লিমিটেড, গ্রাম: গোলোরা, ডাকঘর: কাইট্টি, সাটুরিয়া, মানিকগঞ্জ এর অনুকূলে গ্যাস ও ডিজেল ভিত্তিক ২.৪১০২ মেঃওঃ ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্টের জন্য বিদ্যুৎ উৎপাদন লাইসেন্স। |
| ওএম/৭২/১৬ | ভার্টেক্স ওয়্যার লিমিটেড, ভারারি, রাজফুলবাড়িয়া, তেতুলঝরা, হেমায়েতপুর, সাভার, ঢাকা এর অনুকূলে গ্যাস ও ডিজেল ভিত্তিক ৩.৩৪ মেঃওঃ ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্টের জন্য বিদ্যুৎ উৎপাদন লাইসেন্স। |
| ওএম/৭২/১৭ | ফকরুদ্দিন টেক্সটাইল মিলস লিমিটেড, গড়গড়িয়া মাস্টার বাড়ি, কেওয়া, শ্রীপুর, গাজীপুর এর অনুকূলে গ্যাস ও ডিজেল ভিত্তিক ৩.৮১৯ মেঃওঃ ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্টের জন্য বিদ্যুৎ উৎপাদন লাইসেন্স । |
| ওএম/৭২/২০ | পাকিজা ডায়িং অ্যান্ড প্রিন্টিং ইন্ডাস্ট্রিজ লিমিটেড, ছোট বলি মেহের, সাভার, ঢাকা এর অনুকূলে গ্যাস ও ডিজেল ভিত্তিক ৫.০ মেঃওঃ ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্টের জন্য বিদ্যুৎ উৎপাদন লাইসেন্স । |

(গ) গ্যাস শাখার নিম্নবর্ণিত ৯ (নয়)টি প্রতিষ্ঠানের অনুকূলে লাইসেন্স প্রদানের প্রস্তাব অনুমোদন করা হয়:

| আলোচ্য সূচী নং | প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও লাইসেন্স ক্যাটাগরি |
|---|---|
| ওএম/৭২/২১ | 'এমআরএস ইন্ডাস্ট্রিজ লি:' (সিএনজি ফিলিং স্টেশন)' (কুষ্টিয়া-পাবনা মহাসড়ক, দিয়ার বাঘাইল, পাকশী, ঈশ্বরদী, পাবনা)-এর অনুকূলে সিএনজি মজুদকরণ ও বিতরণ লাইসেন্স । |
| ওএম/৭২/২২ | এন. এন. সিএনজি ফিলিং স্টেশন' (ঢাকা-সিলেট মহাসড়ক, নওপাড়া, মাধবদী, নরসিংদী)-এর অনুকূলে সিএনজি মজুদকরণ ও বিতরণ লাইসেন্স । |

| | |
|---|---|
| ওএম/৭২/২৩ | 'উত্তরা ফিলিং এন্ড সিএনজি স্টেশন' (আব্দুল্লাহপুর, উত্তরা, ঢাকা-১২৩০)-এর অনুকূলে সিএনজি মজুদকরণ ও বিতরণ লাইসেন্স। |
| ওএম/৭২/২৪ | 'হাইপ্রেসার সিএনজি রিফুয়েলিং স্টেশন' (যমুনা ব্রীজ জাতীয় মহাসড়ক, ভাতকুড়া, করটিয়া, টাঙ্গাইল)-এর অনুকূলে সিএনজি মজুদকরণ ও বিতরণ লাইসেন্স। |
| ওএম/৭২/২৫ | 'বিসমিল্লাহ্ ফিলিং এবং সিএনজি স্টেশন' (ঢাকা-সিলেট মহাসড়ক, সাওঘাট, ভুলতা, রূপগঞ্জ, নারায়নগঞ্জ)-এর অনুকূলে সিএনজি মজুদকরণ ও বিতরণ লাইসেন্স । |
| ওএম/৭২/২৬ | 'কে এন্ড কিউ (বাংলাদেশ) লি: সিএনজি রিফুয়েলিং এন্ড ফিলিং স্টেশন' (প্লট নং-২৪২, দক্ষিণপাড়া, ধামরাই, ঢাকা)-এর অনুকূলে সিএনজি মজুদকরণ ও বিতরণ লাইসেন্স। |
| ওএম/৭২/২৭ | 'কালুরঘাট সিএনজি ফিলিং এন্ড কনভার্সন লি: (ঢাকা-কক্সবাজার মহাসড়ক, মোহরা, কাজীরহাট, চান্দগাও, চট্টগ্রাম)-এর অনুকূলে সিএনজি মজুদকরণ ও বিতরণ লাইসেন্স । |
| ওএম/৭২/২৮ | 'মাজ সিএনজি ফিলিং সেন্টার' (৩৪, পাহাড়িকা, উত্তর পীরমহল্লা, সিলেট)-এর অনুকূলে সিএনজি মজুদকরণ এবং বিতরণ লাইসেন্স। |
| ওএম/৭২/২৯ | 'মেসার্স দিবা-'ফিলিং স্টেশন রাত্রি সিএনজি-এর অনুকূলে সিএনজি মজুদকরণ এবং বিতরণ লাইসেন্স। |

(ঘ) পেট্রোলিয়াম শাখার নিম্নবর্ণিত ২৪ (চব্বিশ) টি প্রতিষ্ঠানের অনুকূলে লাইসেন্স প্রদানের প্রস্তাব অনুমোদন করা হয়:

| আলোচ্য সূচী নং | প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও লাইসেন্স ক্যাটাগরি |
|---|---|
| ওএম/৭২/৩০ | সাহারা এন্টারপ্রাইজ [১০ এবি দাশ লেন, চেয়ারম্যানঘাট, ফিরিঙ্গী বাজার, চট্টগ্রাম] এর অনুকূলে পেট্রোলিয়ামজাত পদার্থ, মৌজাঃ ওয়ার্ড নং-৪১, দক্ষিন পতেঙ্গা, চট্টগ্রামে অবস্থিত মজুদাগারে মজুদকরণ ও বিতরণ লাইসেন্স । |
| ওএম/৭২/৩৪ | ট্রাইডেন্ট এজেন্সী লিঃ [আউয়াল সেন্টার (১০ম তলা), ৩৪ কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী বা/এ, ঢাকা-১২১৩] এর অনুকূলে পেট্রোলিয়ামজাত পদার্থ, মৌজাঃ উত্তর রামচন্দ্রপুর, থানাঃ সাভার, ঢাকায় অবস্থিত মজুদাগারে মজুদকরণ ও বিতরণ লাইসেন্স। |
| ওএম/৭২/৩৭ | মেহেদী এন্টারপ্রাইজ প্রাঃ লিঃ [পদ্মা অয়েল কোম্পানী রোড, গোদনাইল, সিদ্দিরগঞ্জ, নারায়নগঞ্জ] এর অনুকূলে পেট্রোলিয়ামজাত পদার্থ, পদ্মা অয়েল কোম্পানী রোড, গোদনাইল, সিদ্দিরগঞ্জ, নারায়নগঞ্জে অবস্থিত মজুদাগারে মজুদকরণ, বিতরণ ও পরিবহন লাইসেন্স। |
| ওএম/৭২/৩৮ | গালফ ওরিয়েন্ট সীওয়েজ [১৭৫ সৈয়দ নজরুল ইসলাম সরণি, ঢাকা] এর অনুকূলে পেট্রোলিয়ামজাত পদার্থ, মৌজাঃ জামসিং, থানাঃ সাভার, ঢাকায় অবস্থিত মজুদাগারে মজুদকরণ ও বিতরণ লাইসেন্স । |
| ওএম/৭২/৩৯ | গ্লোরিয়াস লুব্রিক্যান্টস্ [৭৯৩ ওসমানী টাওয়ার, কাজীপাড়া, মিরপুর, ঢাকা-১২১৬] এর অনুকূলে পেট্রোলিয়ামজাত পদার্থ, মৌজাঃ বেলীশ্বর, থানাঃ ধামরাই, ঢাকায় অবস্থিত মজুদাগারে মজুদকরণ ও বিতরণ লাইসেন্স । |
| ওএম/৭২/৪০ | দি সোর্সিং [প্লট নং-১৫, এ.এইচ টাওয়ার (১৫তম তলা), রুম নং-১১, সেক্টর-৩, উত্তরা, ঢাকা-১২৩০] এর অনুকূলে পেট্রোলিয়ামজাত পদার্থ, মৌজাঃ বাউনিয়া, থানাঃ তুরাগ, ঢাকায় অবস্থিত মজুদাগারে মজুদকরণ ও বিতরণ লাইসেন্স । |
| ওএম/৭২/৪২ | আল-কাজী ডাইস এন্ড কেমিক্যাল [৮/১ আরমানিয়ান ষ্ট্রীট, মোতাহার প্লাজা, আরমানিটোলা, ঢাকা-১১০০] এর অনুকূলে পেট্রোলিয়ামজাত পদার্থ, মৌজাঃ চানকুটিয়া, কেরাণীগঞ্জ, ঢাকায় অবস্থিত মজুদাগারে মজুদকরণ ও বিতরণ লাইসেন্স । |
| ওএম/৭২/৪৩ | পাওয়ার ইউনিট ইঞ্জিনিয়ার্স [প্লট নং-২১, আকাশ প্লাজা (৩য় তলা), রুম নং-৩১৪, রোড নং-৭/ডি, সেক্টর-০৯, উত্তরা, ঢাকা] এর অনুকূলে পেট্রোলিয়ামজাত পদার্থ, মৌজাঃ গোবিন্দপুর, উত্তরখান, ঢাকায় অবস্থিত মজুদাগারে মজুদকরণ ও বিতরণ লাইসেন্স । |

| | |
|---|---|
| ওএম/৭২/৪৪ | জিনি পাওয়ার এন্ড টেকনোলজি লিঃ [১২/১ কুনিপাড়া, তেজগাঁও আই/এ, ঢাকা-১২০৮] এর অনুকূলে পেট্রোলিয়ামজাত পদার্থ, মৌজাঃ দক্ষিন সলনা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুরে অবস্থিত মজুদাগারে মজুদকরণ ও বিতরণ লাইসেন্স। |
| ওএম/৭২/৪৫ | সিনথেটিক রেজিন প্রোডাক্টস (প্রাঃ) লিঃ[এ/৩ বিসিক ইন্ডাষ্ট্রিয়াল এলাকা, সাগরিকা রোড, চট্টগ্রাম] এর অনুকূলে পেট্রোলিয়ামজাত পদার্থ, মৌজাঃ দক্ষিন দক্ষিন কাট্টলী, প্রান হরিদাস রোড, থানাঃ পাহাড়তলী, চট্টগ্রামে অবস্থিত প্ল্যান্টে প্রক্রিয়াকরণ/উৎপাদন, মজুদকরণ, বিপণন ও বিতরণ লাইসেন্স । |
| ওএম/৭২/৪৬ | আকিজ পার্টিকেল বোর্ড মিলস লিঃ [দিলকুশা বা/এ, মতিঝিল, ঢাকা-১০০০] এর অনুকূলে পেট্রোলিয়ামজাত পদার্থ, তুরা, উপজেলাঃ ঘিওর, মানিকগঞ্জে অবস্থিত মজুদাগারে মজুদকরণ লাইসেন্স। |
| ওএম/৭২/৪৭ | ট্রেড উইংস [৭৪ মেইন রোড, উত্তরা, ঘাটাইল, টাঙ্গাইল] এর অনুকূলে পেট্রোলিয়ামজাত পদার্থ, মৌজাঃ ঘাটাইল, উপজেলাঃ ঘাটাইল, টাঙ্গাইলে অবস্থিত মজুদাগারে মজুদকরণ ও বিতরণ জন্য লাইসেন্স । |
| ওএম/৭২/৪৮ | সুপার অটোস [২২/২৩ বিসিসি রোড, ঢাকা-১২০৩] এর অনুকূলে পেট্রোলিয়ামজাত পদার্থ, মৌজাঃ ওয়ারী, থানাঃ সূত্রাপুর, ঢাকায় অবস্থিত মজুদাগারে মজুদকরণ ও বিতরণ লাইসেন্স । |
| ওএম/৭২/৪৯ | আম্বার ডেনিম মিলস লিমিটেড [নাভানা টাওয়ার (৭ম তলা), প্লট-৪৫, দক্ষিন গুলশান, গুলশান-১, ঢাকা] এর অনুকূলে পেট্রোলিয়ামজাত পদার্থ, মৌজাঃ বাহাদুরাবাদ, জাঙ্গালিয়াপাড়া, বাংলা বাজার, জয়দেবপুর, গাজীপুরে অবস্থিত মজুদাগারে মজুদকরণ লাইসেন্স । |
| ওএম/৭২/৫০ | বাংলাদেশ পলি প্রিন্টিং ইন্টারন্যাশনাল লিঃ [খুলনা মংলা রোড, নয়াপাড়া, ফকিরহাট, বাগেরহাট] এর অনুকূলে পেট্রোলিয়ামজাত পদার্থ, মৌজাঃ ৪৬ নওয়াপাড়া, নওয়াপাড়া শ্যামবাগাট, ফকিরহাট, বাগেরহাটে অবস্থিত মজুদাগারে মজুদকরণ লাইসেন্স । |
| ওএম/৭২/৫১ | রুপসী বাংলা প্রোডাক্টস [বনগ্রাম বাজার, পোঃ তেঘরিয়া, দক্ষিন কেরাণীগঞ্জ, ঢাকা] এর অনুকূলে পেট্রোলিয়ামজাত পদার্থ, মৌজাঃ বাকটা, থানাঃ দক্ষিন কেরানীগঞ্জ, ঢাকায় অবস্থিত মজুদাগারে মজুদকরণ ও বিতরণ লাইসেন্স । |
| ওএম/৭২/৫২ | টেনসেন ইন্টারন্যাশনাল লিমিটেড [৫৮৩ শেওড়াপাড়া, অনামিকা কনকর্ড, ফ্ল্যাট নং-১১এফ, ঢাকা] এর অনুকূলে পেট্রোলিয়ামজাত পদার্থ, মৌজাঃ নন্দীপাড়া, থানাঃ খিলগাঁও, ঢাকায় অবস্থিত মজুদাগারে মজুদকরণ ও বিতরণ লাইসেন্স । |
| ওএম/৭২/৫৩ | জিপি নেফট এনার্জি বাংলাদেশ লিমিটেড [২/১ ইষ্টার্ণ ট্রেড সেন্টার, ৫৬, পুরানা পল্টন ভিআইপি রোড, ঢাকা-১০০০] এর অনুকূলে পেট্রোলিয়ামজাত পদার্থ, মৌজাঃ কামালকাছনা, রংপুর সদর, রংপুরে অবস্থিত মজুদাগারে মজুদকরণ ও বিতরণ লাইসেন্স । |
| ওএম/৭২/৫৪ | সিটি ট্রেড ইন্টারন্যাশনাল [৩৯ স্বামীবাগ, ঢাকা-১১০০] এর অনুকূলে পেট্রোলিয়ামজাত পদার্থ, মৌজাঃ ওয়ারী, থানাঃ সূত্রাপুর, ঢাকায় অবস্থিত মজুদাগারে মজুদকরণ ও বিতরণ লাইসেন্স । |
| ওএম/৭২/৫৫ | পাভেল এন্টারপ্রাইজ [পুলিশ লাইন পাড়া, মাগুরা] এর অনুকূলে পেট্রোলিয়ামজাত পদার্থ, আদর্শপাড়া, মাগুরা সদর, মাগুরায় অবস্থিত মজুদাগারে মজুদকরণ ও বিতরণ লাইসেন্স । |
| ওএম/৭২/৫৬ | হাসান কনষ্ট্রাকশনস্ [হাজী মীর আহমেদ বিল্ডিং, ২৩৪, খাতুনগঞ্জ, চট্টগ্রাম] এর অনুকূলে পেট্রোলিয়ামজাত পদার্থ, মৌজাঃ মাদারবাড়ি, ডবলমুরিং, চট্টগ্রামে অবস্থিত মজুদাগারে মজুদকরণ ও বিতরণ । |
| ওএম/৭২/৫৭ | মীর ট্রেডিং কর্পোরেশন [হাসিম টাওয়ার (৭ম তলা), রুম নং-এফ, ২০৫/১ এ, তেজগাঁও লিংক রোড, ঢাকা] এর অনুকূলে পেট্রোলিয়ামজাত পদার্থ, মৌজাঃ কান্দিবলিয়াপুর, সাভার, ঢাকায় অবস্থিত মজুদাগারে মজুদকরণ ও বিতরণ লাইসেন্স। |
| ওএম/৭২/৫৮ | মনিকো লিমিটেড [১৮৩ পশ্চিম ধানমন্ডি, ঢাকা-১২০৯] এর অনুকূলে পেট্রোলিয়ামজাত পদার্থ, মৌজাঃ রাথুরা, উপজেলাঃ কালীগঞ্জ, জেলাঃ গাজীপুরে অবস্থিত মজুদাগারে মজুদকরণ লাইসেন্স । |

| | |
|---|---|
| ওএম/৭২/৬১ | সুমাত্রা ফিলিং স্টেশন [২৭৯/৩-জি, মানিকদি, ঢাকা ক্যান্টমেন্ট, ঢাকা-১২০৬] এর অনুকূলে পেট্রোলিয়ামজাত পদার্থ, মৌজাঃ জোয়ারসাহারা, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকায় অবস্থিত মজুদাগারে মজুদকরণ ও বিতরণ লাইসেন্স। |

(ঙ) পেট্রোলিয়াম শাখার নিম্নবর্ণিত ৯ (নয়) টি প্রতিষ্ঠানের তথ্য পুনরায় পরীক্ষাপূর্বক পরবর্তী উন্মুক্ত সভায় উপস্থাপন করতে হবে:

| আলোচ্য সূচী নং | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা |
|---|---|
| ওএম/৭২/২৯ | বিছমিল্লাহ ট্রেডিং [বি/৭, এশিয়া আবেদিন রেসিডেন্স, ৯ আবেদিন কলোনী, লাভ লাইন, চট্টগ্রাম] এর অনুকূলে পেট্রোলিয়ামজাত পদার্থ, মৌজাঃ নর্থ কাট্টলী, থানাঃ ডাবলমুরিং (পুরাতন), পাহাড়তলী (নতুন), চট্টগ্রামে অবস্থিত মজুদাগারে মজুদকরণ ও বিতরণ লাইসেন্স সম্পর্কে । |
| ওএম/৭২/৩১ | গ্যালাক্সী এন্টারপ্রাইজ [পূর্ব মাদার বাড়ি, ২০৩, মাঝিরঘাট রোড, চট্টগ্রাম] এর অনুকূলে পেট্রোলিয়ামজাত পদার্থ, ফিরোজ শাহ্ কলোনী, দক্ষিন কাট্টলী, থানাঃ পাহাড়তলী, জেলাঃ চট্টগ্রামে অবস্থিত মজুদাগারে মজুদকরণ ও বিতরণ লাইসেন্স সম্পর্কে । |
| ওএম/৭২/৩২ | আশফাক অটোমোবাইলস [৫৩৪ শেখ মুজিব রোড, আগ্রাবাদ, চট্টগ্রাম] এর অনুকূলে পেট্রোলিয়ামজাত পদার্থ, মৌজাঃ পাঠানটুলী, থানাঃ ডাবলমুরিং, চট্টগ্রামে অবস্থিত মজুদাগারে মজুদকরণ ও বিতরণ লাইসেন্স সম্পর্কে। |
| ওএম/৭২/৩৩ | এ-ওয়ান পোলার লিঃ [১৩ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫] এর অনুকূলে পেট্রোলিয়ামজাত পদার্থ, মৌজাঃ ভুলতা, উপজেলাঃ রুপগঞ্জ, জেলাঃ নারায়নেগঞ্জে অবস্থিত মজুদাগারে মজুদকরণ লাইসেন্স সম্পর্কে। |
| ওএম/৭২/৩৫ | এপেক্স হোসাইন কর্পোরেশন [হাজী লিয়াকত মীর সড়ক, জামগড়া, আশুলিয়া, ঢাকা] এর অনুকূলে পেট্রোলিয়ামজাত পদার্থ, মৌজা-দিয়াখালী, আশুলিয়া, ঢাকায় অবস্থিত মজুদাগারে মজুদকরণ ও বিতরণ লাইসেন্স সম্পর্কে। |
| ওএম/৭২/৩৬ | ডাচ লুব কোম্পানী লিঃ [হাউজ-৫৮, রোড-০২, ব্লক-ই, বামনারটেক, উত্তরা, তুরাগ, ঢাকা-১২৩০] এর অনুকূলে পেট্রোলিয়ামজাত পদার্থ, কামারপাড়া, ৫৮, তুরাগ, ঢাকায় অবস্থিত মজুদাগারে মজুদকরণ ও বিতরণ লাইসেন্স সম্পর্কে । |
| ওএম/৭২/৪১ | ঢাকা ট্রেডিং কর্পোরেশন [১৬ পুরানা পল্টন, গ্লোরিয়ানা টাওয়ার (নীচ তলা), দোকান নং-১২০, ঢাকা-১০০০] এর অনুকূলে পেট্রোলিয়ামজাত পদার্থ, মৌজাঃ জুরাইন, থানাঃ শ্যামপুর, ঢাকায় অবস্থিত মজুদাগারে মজুদকরণ ও বিতরণ লাইসেন্স সম্পর্কে । |
| ওএম/৭২/৫৯ | মাহমুদা হাই কেমি লিমিটেড [বাড়ি # ১১, রোড # ১৭, ব্লক # ডি, বনানী, ঢাকা-১২১৩] এর অনুকূলে পেট্রোলিয়ামজাত পদার্থ, মৌজাঃ আলীসারকুল, থানাঃ শ্রীমঙ্গল, জেলাঃ মৌলভীবাজারে অবস্থিত মজুদাগারে মজুদকরণ লাইসেন্স সম্পর্কে। |
| ওএম/৭২/৬০ | সুপার পেট্রোকেমিক্যাল (প্রাঃ) লিমিটেড [টি.কে ভবন (৬ষ্ঠ তলা), ১৩, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫] এর অনুকূলে পেট্রোলিয়ামজাত পদার্থ, মৌজাঃ ডেঙ্গারচর, উপজেলাঃ পটিয়া, জেলাঃ চট্টগ্রামে অবস্থিত প্ল্যান্টে প্রক্রিয়াকরণ/উৎপাদন, মজুদকরণ, বিপণন ও বিতরণ লাইসেন্স সম্পর্কে। |

৯। সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

| | | | |
|---|---|---|---|
| (মোঃ মির্জানুর রহমান)<br>সদস্য | (মোঃ আবদুল আজিজ খান)<br>সদস্য | (মাহমুদুল হক ভূঁইয়া)<br>সদস্য | (রহমান মুরশেদ)<br>সদস্য |

(মনোয়ার ইসলাম)
চেয়ারম্যান

নং- বিইআরসি/কমিশন সভা/প্রশাঃ ৬০/২০১৭/ ৫৯৫০ তারিখ: ০২ নভেম্বর ২০১৭

**বিতরণ :**

১। পরিচালক (গ্যাস/অর্থ ও হিসাব/বিদ্যুৎ/পেট্রোলিয়াম), বিইআরসি, ঢাকা।

২। উপপরিচালক (সকল),বিইআরসি, ঢাকা।

৩। উপ-পরিচালক (গ্যাস) ও আইসিটি সংক্রান্ত কমিটির সদস্য সচিব, বিইআরসি, ঢাকা (বিইআরসি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ),বিইআরসি, ঢাকা।

৪। চেয়ারম্যানের একান্ত সচিব, বিইআরসি, ঢাকা (মাননীয় চেয়ারম্যানের সদয় অবগতির জন্য)।

৫। সহকারী পরিচালক (সকল), বিইআরসি, ঢাকা।

৬। সদস্য (সকল) এর ব্যক্তিগত সহকারী, বিইআরসি (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৭। অফিস কপি।

০২.১১.১৭

(মুহঃ মাহবুবুর রহমান)
সচিব